

তারিখঃ ২৭/০৩/২০২১

সুত্রঃ আদেশ নং - জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী (সাধারণ শাখা) এর স্মারক নং - ০৫,৪৩,৮১০০,০১৩,০৫,০০৮,২১-
৩১৫(১৩০), তারিখঃ ১৫/০৩/২১

বরাবর

অধ্যক্ষ

রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী।

বিষয়ঃ ৭মার্চ, ১৭ মার্চ, ২৫মার্চ, এবং ২৬মার্চ উদযাপন সম্পর্কিত প্রতিবেদন।

জনাব,

২৭/০৩/২০২১
২৫/০৩/২০২১
২৫/০৩/২০২১
২৬/০৩/২০২১
২৬/০৩/২০২১

রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজে সম্প্রতি অনুষ্ঠিত ৭মার্চ, ১৭ মার্চ, ২৫মার্চ, এবং ২৬মার্চ উদযাপন সম্পর্কিত একটি সংক্ষিপ্ত প্রতিবেদন নিম্নে উপস্থাপন করছি।

১। গত ০৭/০৩/২০২১ খ্রি... তারিখ, রবিবার রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজে জাতির জনক বঙ্গবন্ধুর ৭মার্চের ঐতিহাসিক ভাষণের গুরুত্ব ও তাৎপর্য বিষয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজের মাননীয় অধ্যক্ষ প্রফেসর মোঃ আকবর হোসেন এবং সভাপতিত্ব করেন অত্র প্রতিষ্ঠানের বাংলা বিভাগের প্রভাষক ও আয়োজক কমিটির আহ্বায়ক জনাব মোঃ রবিউল ইসলাম। প্রধান অতিথি ও সভাপতিসহ সম্মানিত শিক্ষকগণ তাদের বক্তব্যে বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ মার্চের ভাষণের তা�ৎপর্য তুলে ধরেন।

২। গত ১৭/০৩/২০২১ খ্রি. তারিখ, বুধবার রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজে, "জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস" - ২০২১ উপলক্ষে সকাল ৯:৩০টায় শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর উপস্থিতিতে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পন্দন অর্পন করা হয়। পরবর্তীতে কলেজ মিলনায়তনে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজের মাননীয় অধ্যক্ষ প্রফেসর মোঃ আকবর হোসেন এবং সভাপতিত্ব করেন অত্র প্রতিষ্ঠানের বাংলা বিভাগের প্রভাষক ও আয়োজক কমিটির আহ্বায়ক জনাব মোঃ রবিউল ইসলাম। প্রধান অতিথি ও সভাপতিসহ সম্মানিত শিক্ষকগণ তাঁদের বক্তব্যে বঙ্গবন্ধুর জীবনী সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা করেন। এরপর দোয়া মাহফিল অনুষ্ঠিত হয় এবং কেক কাটার মধ্যে দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি হয়।

৩। গত ২৫/০৩/২০২১ খ্রি. তারিখ, বৃহস্পতিবার রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজে " ২৫ মার্চ ২০২১ গণহত্যা দিবস উপলক্ষে কলেজ মিলনায়তনে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর ডঃ মোঃ শামসুল আলম (বীর প্রতীক) ভূগোল ও পরিবেশ বিদ্যা রাঃবিঃ। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রতিষ্ঠানের মাননীয় অধ্যক্ষ প্রফেসর মোঃ আকবর হোসেন। প্রধান অতিথি তাঁর বক্তব্যে ২৫ মার্চের গণহত্যা দিবসের স্মৃতিচারণ করেন। সবশেষে শহীদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করা হয় এবং অনুষ্ঠানের সমাপ্তি হয়।

৪। গত ২৬/০৩/২০২১ খ্রি. তারিখ, শুক্রবার সকাল ৯:৩০টায় রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজের শিক্ষক কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ স্বাস্থ্যবিধি মেনে স্বাধীনতা যুদ্ধের শহীদ স্মৃতি স্তম্ভে পুস্প্যমাল্য অর্পন করেন। পরবর্তীতে সকলে সমবেত হয়ে কলেজ মিলনায়তনে জাতীয় সংগীত পরিবেশনার মধ্যে দিয়ে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপনের আনুষ্ঠানিকতা শুরু হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজের মাননীয় অধ্যক্ষ প্রফেসর মোঃ আকবর হোসেন এবং সভাপতিত্ব করেন অত্র প্রতিষ্ঠানের বাংলা বিভাগের প্রভাষক ও আয়োজক কমিটির আহ্বায়ক জনাব মোঃ রবিউল ইসলাম। সভাপতি তার বক্তব্যে মহান স্বাধীনতা যুদ্ধের সংক্ষিপ্ত ইতিহাস বর্ণনা করেন।

২৭/০৩/২০২১ খ্রি:
জনাব মোঃ রবিউল ইসলাম
প্রভাষক, বাংলাবিভাগ ও

আহ্বায়ক

৭মার্চ, ১৭মার্চ, ২৫মার্চ, এবং ২৬মার্চ অনুষ্ঠান উদযাপন কমিটি
রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী।